গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
আইসিটি সেল
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৮৩২.১৮.০০১.২৩-৭৭

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩০
১৬ নভেম্বর ২০২৩

**প্রজ্ঞাপন**

রূপকল্প ২০৪১-এর অভীষ্ট স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নাগরিককেন্দ্রিক, স্বচ্ছ ও জবাবদিহিমূলক এবং কাগজবিহীন, উপাত্তনির্ভর, আন্তঃসংযুক্ত, আন্তঃচালিত, সমন্বিত, স্বয়ংক্রিয় স্মার্ট সরকার ব্যবস্থা নিশ্চিতকরণে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/বিভাগীয় পর্যায়/জেলা/উপজেলার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হইতে নং ০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮ সংখ্যক মূলে গত ০৮ এপ্রিল ২০১৩ তারিখে জারিকৃত ইনোভেশন টিমের গঠন ও কার্যপরিধি সম্পর্কিত প্রজ্ঞাপনটি নিম্নরূপভাবে সংশোধনপূর্বক জারী করা হইলো।

২। **ইনোভেশন টিমের গঠন:**

| | | |
|---|---|---|
| মন্ত্রণালয়/ বিভাগ পর্যায় | চিফ ইনোভেশন অফিসার | • অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা; |
| | সদস্য | • মনোনীত কর্মকর্তা ৩-৫ জন (ন্যূনতম ০১ জন করিয়া কর্মকর্তা আইসিটি ও পরিকল্পনা অনুবিভাগ/ অধিশাখা/শাখা হইতে মনোনীত হইবেন এবং ন্যূনতম ০১ জন দক্ষতা উন্নয়ন বিষয়ক/ডাটা ফোকাল/ডাটা বিষয়ক দক্ষতাসম্পন্ন কর্মকর্তা মনোনীত হইবেন)। |
| অধিদপ্তর/ সংস্থা পর্যায় | ইনোভেশন অফিসার | • পরিচালক পর্যায়ের মনোনীত একজন কর্মকর্তা; |
| | সদস্য | • মনোনীত কর্মকর্তা ৩-৫ জন (ন্যূনতম ০১ জন করিয়া কর্মকর্তা আইসিটি/ পরিকল্পনা সেল হইতে মনোনীত হইবেন এবং ন্যূনতম ০১ জন দক্ষতা উন্নয়ন বিষয়ক/ডাটা ফোকাল/ডাটা বিষয়ক দক্ষতাসম্পন্ন কর্মকর্তা মনোনীত হইবেন)। |
| জেলা পর্যায় | ইনোভেশন অফিসার | • অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন অতিরিক্ত জেলা প্রশাসক; |
| | সদস্য | • সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার- ১ জন; |
| | সদস্য | • প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার |
| | সদস্য | • জেলার অন্যান্য দপ্তর হইতে মনোনীত কর্মকর্তা ৫-৭ জন (ন্যূনতম ০১ জন দক্ষতা উন্নয়ন বিষয়ক/ডাটা ফোকাল/ডাটা বিষয়ক দক্ষতাসম্পন্ন কর্মকর্তা এবং ০১ জন আইসিটি/বিজ্ঞান বিষয়ক উচ্চ মাধ্যমিক পর্যায়ের উদ্যমী শিক্ষক মনোনীত হইবেন)। |

| | | |
|---|---|---|
| উপজেলা পর্যায় | ইনোভেশন অফিসার | • উপজেলা নির্বাহী অফিসার; |
| | সদস্য<br>সদস্য<br>সদস্য | • সহকারী কমিশনার (ভূমি)<br>• প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার<br>• উপজেলার অন্যান্য দপ্তর হইতে মনোনীত কর্মকর্তা ৫-৭ জন (ন্যূনতম ০১ জন দক্ষতা উন্নয়ন বিষয়ক/ডাটা ফোকাল/ডাটা বিষয়ক দক্ষতাসম্পন্ন কর্মকর্তা এবং ০১ জন আইসিটি/বিজ্ঞান বিষয়ক মাধ্যমিক পর্যায়ের উদ্যমী শিক্ষক মনোনীত হইবেন) । |

**৩। ইনোভেশন টিমের সদস্য মনোনয়নের ক্ষেত্রে বিবেচ্য পূর্বদক্ষতা:**

উচ্চতর প্রশিক্ষণ/শিক্ষা গ্রহণকারী, অতিরিক্ত দায়িত্ব গ্রহণ ও নতুন উদ্ভাবনীমূলক কাজে আগ্রহী, নেতৃত্ব প্রদানে সক্ষম, দলীয়ভাবে কাজ করিতে স্বচ্ছন্দ, প্রযুক্তি ব্যবহারে আগ্রহী এবং অন্যকে সহায়তা করিবার মানসিকতা ও ক্ষমতাসম্পন্ন কর্মকর্তাগণকে এই টিমের সদস্য হিসাবে মনোনয়নের জন্য বিবেচনা করা যাইতে পারে। বদলিজনিত বা অন্য কোন যুক্তিসঙ্গত কারণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সময়ে সময়ে চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার এবং ইনোভেশন টিমের সদস্য পরিবর্তন করিতে পারিবেন। মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে সচিব, অধিদপ্তর/সংস্থা পর্যায়ে অধিদপ্তর/সংস্থা প্রধান এবং জেলা ও উপজেলা পর্যায়ে জেলা প্রশাসক ইনোভেশন টিম গঠন করিবেন।

**৪। ইনোভেশন টিমের কার্যপরিধি:**

(১) নিজ/আওতাধীন দপ্তরের সেবাপ্রদান প্রক্রিয়া, কাজের অভ্যন্তরীণ প্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়ন;

(২) এই সংক্রান্ত কার্যক্রমের বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বৎসরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;

(৩) প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;

(৪) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সহিত যোগাযোগ ও সমন্বয়সাধন;

(৫) প্রতি বৎসর ৩১ জুলাই-এর মধ্যে পূর্ববর্তী বৎসরের একটি পূর্ণাঙ্গ বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন, উহা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ এবং স্বীয় ওয়েবসাইটে প্রকাশ;

(৬) ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট সিটিজেন, স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট সোসাইটি ও স্মার্ট ইকোনমি গড়িতে বিভিন্ন ডিজিটাইজেশন উদ্যোগ গ্রহণ, সরকার কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন ডিজিটাইজেশন উদ্যোগ আত্মীকরণ ও বাস্তবায়ন এবং প্রয়োজনীয় প্রশিক্ষণ, তদারকি ও মূল্যায়নের ব্যবস্থাকরণ;

(৭) পরিবর্তনের রূপকার হিসাবে (স্বীয় কার্যালয়ে) সেবা প্রদান, অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়া এবং ডাটা-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়িয়া তোলা এবং প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম সদস্যগণের কর্মস্পৃহার বিকাশসাধন;

(৮) নিজ/আওতাধীন দপ্তরের আইসিটি, ডিজিটাল লিডারশিপ, ডাটা গভর্নেন্স, ওপেন ডাটা, ডাটা লিডারশিপ, ডাটা এনালাইটিক্স, ডাটা ভিজ্যুয়ালাইজেশন ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজকর্মে উদ্ভাবনকে উৎসাহিতকরণ, ডাটা-ভিত্তিক প্রজেক্ট গ্রহণ, বাস্তবায়ন, তদারকি এবং সরকারি ডাটা সেন্টারে ডাটা সংরক্ষণ, ডাটা আদান প্রদানে সহজলভ্যতা নিশ্চিতকরণ, ডাটা-নির্ভর সিদ্ধান্ত গ্রহণের সংস্কৃতির বিকাশ এবং ডাটা লিডারশিপ ও উন্নত প্রযুক্তির প্রয়োগকে অগ্রাধিকার প্রদান এবং সমন্বয়সাধন;

(৯) নিজ/আওতাধীন দপ্তরের সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়, নিজ/আওতাধীন দপ্তরে নির্মিত সফটওয়্যারের সোর্স কোড ভেন্ডরের নিকট হইতে বুঝিয়া নেওয়া ও সুরক্ষিতকরণে পদক্ষেপ গ্রহণ, সফটওয়্যার কোয়ালিটি টেস্টিং সার্টিফিকেশন নিশ্চিতকরণ, ই-সেবা বাস্তবায়নে 'মাইগভ' এর মাধ্যমে সেবা প্রদান, ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদান এবং দাপ্তরিক কাজে সরকারি ই-মেইল ব্যবহারে উদ্বুদ্ধকরণ;

(১০) নিজ/আওতাধীন দপ্তরের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করিয়া প্রতিষ্ঠানের প্রোফাইল তৈরি ও হালনাগাদ রাখিবার ব্যবস্থা গ্রহণ এবং কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ, এবং আরএমএস ও জিআরএস ব্যবহার নিশ্চিতকরণ;

(১১) সরকারি-বেসরকারি সেবা তৈরিতে নাগরিক ও সরকারের অধিকতর সমন্বয় নিশ্চিতকল্পে ই-পার্টিসিপেশন বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ; এবং ই-ইক্যুয়ালিটি নিশ্চিতকরণের মাধ্যমে ডিজিটাল বৈষম্য হ্রাসকল্পে উদ্যোগ গ্রহণ;

(১২) নিজ/আওতাধীন দপ্তরের উদ্ভাবনী উদ্যোগসমূহে চতুর্থ শিল্প বিপ্লব/অগ্রসরমান প্রযুক্তির প্রয়োগ/ব্যবহার বৃদ্ধিকরণ এবং এই সকল প্রযুক্তিকে সম্পৃক্ত করিয়া নাগরিককেন্দ্রিক স্মার্ট সেবা প্রদান নিশ্চিতকরণ;

(১৩) নিজ/ আওতাধীন দপ্তরের কোনো উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং সফলভাবে বাস্তবায়িত হইলে সম্ভাব্যতা যাচাইপূর্বক তা স্কেল-আপের ব্যবস্থা গ্রহণ এবং স্কেল-আপ হওয়া সফল উদ্ভাবনী উদ্যোগসমূহ অব্যাহত রাখিতে প্রয়োজনীয় তদারকি ও সহযোগিতা প্রদান;

(১৪) নিজ দপ্তরের কার্য/সেবার অনুরূপ কোনো কার্য/সেবার ক্ষেত্রে অন্যান্য সংস্থা'র কোনো উদ্ভাবনী উদ্যোগসমূহ অনুসন্ধান করা এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্য সংস্থা'র সফল উদ্যোগ প্রয়োজনীয় পরিমার্জনপূর্বক নিজ দপ্তরে অনুকরণ/অনুসরণের জন্য ব্যবস্থা গ্রহণ;

(১৫) নিজ/আওতাধীন দপ্তরসমূহের উদ্ভাবনী উদ্যোগসমূহকে উৎসাহ ও সহযোগিতা প্রদান এবং গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহের "শো-কেসিং"-এর ব্যবস্থা গ্রহণ;

(১৬) নাগরিকসেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;

(১৭) সাইবার নিরাপত্তা ও উপাত্ত সুরক্ষা নিশ্চিতকরণে উদ্যোগ গ্রহণ;

( ১৮) বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (BNDA)-এর আওতায় আইসিটি কার্যক্রমকে আদর্শমানে আনয়ন (standardization) এবং ইন্টিগ্রেশন ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ;

(১৯) জাতীয় আইসিটি নীতিমালা ২০১৮ এ বর্ণিত ICT Action Plan-এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;


(২০) স্ব স্ব কার্যালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরি, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন; এবং

(২১) তথ্য অধিকার আইন অনুসারে স্ব স্ব কার্যালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সহিত সমন্বয়সাধন।

৫। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এই প্রজ্ঞাপনের আলোকে ইনোভেশন টিম গঠনপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করিবেন এবং টিমকে যথাযথ সহযোগিতা প্রদান করিবেন।

৬। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



১৬-১১-২০২৩

মো: ছাইফুল ইসলাম
যুগ্মসচিব
ফোন: ৯৫১৩৩৩৯
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: js_eg@cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৮৩২.১৮.০০১.২৩-৭৭/১(৫৮০)

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪৩০ / ১৬ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
২) অধিদপ্তর/দপ্তর/সংস্থা (সকল)।
৩) বিভাগীয় কমিশনার (সকল)
৪) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
৫) জেলা প্রশাসক (সকল)।
৬) উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
৯) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)।